57

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 MAR 1996
পৃষ্ঠা ৩ কলাম ২

# বরগুনা মাধ্যমিক বিদ্যালয়গুলির বেহাল অবস্থা

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা।। জেলায় ৫টি থানায় ১৩৩টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের অধিকাংশই জরাজীর্ণ গৃহ। নাই খেলার মাঠ, বিজ্ঞান বিভাগের শিক্ষা উপকরণ লাইব্রেরী, প্রয়োজনীয় বেঞ্চ। শ্রেণীকক্ষের অভাব প্রকট।

বাউফল সংবাদদাতা জানান, থানার কালিশুরী সাইয়েদুল আরেফিন হাইস্কুলটি ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত হয়। সাইয়েদুল আরেফিন ছিলেন হযরত শাহজালালের (রাঃ) ৩৬০ জন দরবেশ সঙ্গীর একজন। প্রতিষ্ঠালগ্ন হইতে দুইটি ঘর এখনও জরাজীর্ণ অবস্থায় বিদ্যমান। বর্ষা মৌসুমে আদৌ ক্লাস নেওয়া সম্ভব হয় না। ঐ স্কুলে এসএসসি পরীক্ষা কেন্দ্র আছে। দীর্ঘদিন যাবৎ কর্তৃপক্ষ স্কুল ঘরটি মেরামতের জন্য দাবী জানাইয়া আসিতেছে।